তারিখ 18 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক জনকণ্ঠ

# 'পিস স্কুল' হঠাৎ হয়ে গেল 'লিজেন্ড একাডেমি'

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** বিতর্কিত ডাঃ জাকির নায়েকের 'পিস টিভি'র সম্প্রচার বন্ধের পর রাজশাহীতে অবস্থিত জামায়াত নিয়ন্ত্রিত 'পিস স্কুল এ্যান্ড কলেজে'র সাইনবোর্ড রাতারাতি উধাও হয়ে লিজেন্ড একাডেমি নামে নতুন নামকরণ হয়েছে। শিক্ষার্থীদের পরিচয়পত্র, ব্যাগ, স্কুল ড্রেস ও সড়কের পাশে দেয়া সাইনবোর্ড এখনও পিস স্কুল এ্যান্ড কলেজ থাকলেও রাতারাতি শুধু বদলে ফেলা হয়েছে সাইনবোর্ড। শুধু তাই নয়, শিক্ষার্থীদের বহন করা ভ্যান গাড়িতে লেখা নামও মুছে দেয়া হয়েছে। এতে অভিভাবকরা তাদের সন্তানদের নিয়ে বিড়ম্বনায় পড়েছেন। স্কুলটি পরিচালনা করেন জামায়াতের লোকজন। ইসলামী ব্যাংক রাজশাহী শাখার কর্মকর্তা মোর্সেদ জামান স্কুলটির দেখভাল করেন। অধ্যক্ষের দায়িত্ব পালন করেন আতাউর রহমান, তিনি চাঁপাইনবাবগঞ্জের বাসিন্দা এবং জামায়াতের সঙ্গে জড়িত।

রবিবার সকালে নগরীর তেরখাদিয়া এলাকায় গিয়ে দেখা যায় পিস স্কুলের কোন সাইনবোর্ড নেই। সেখানে সাঁটানো হয়েছে ইংরেজীতে লেখা লিজেন্ড একাডেমির সাইনবোর্ড। ভবন থেকে সাইনবোর্ড সরানো হলেও শিশু শিক্ষার্থীদের পরিচয়পত্র, ব্যাগ ও ড্রেসে পিস স্কুল এ্যান্ড কলেজের ব্যাচ দেখা গেছে।

**সিলেটে পিস মোবাইল বিক্রি বন্ধ ॥** স্টাফ রিপোর্টার, সিলেট অফিস থেকে জানান, সিলেটে ড. জাকির নায়েকের পিস মোবাইল বিক্রি বন্ধ হয়ে গেছে। তার বক্তব্য এবং বিভিন্ন ধরনের এ্যাপ্‌সসমৃদ্ধ এ মোবাইলটি বাজারজাতের শুরুতে বেশ পরিচিতি লাভ করে। অন্য মোবাইলের চেয়ে পিস মোবাইলের দাম বেশ চড়া ছিল। কিন্তু ধর্মীয় আবেগপ্রবণ ক্রেতারা দামের দিকে তাকাননি। ইসলামী বিনোদন আর পুণ্যের আশায় মোবাইল কেনার দিকে ঝুঁকে পড়েন। ইসলাম ধর্মের অনেক জটিল বিষয় সহজেই বুঝতে পারবেন এমন প্রত্যাশাও ছিল ক্রেতাদের।